ভোরের কাগজ

তারিখ JUL 4 1999
পৃষ্ঠা ৬ কলাম ২

৪।

# এএমএ-টেকনোহ্যাভেন কম্পিউটার শিক্ষা কেন্দ্রের প্রথম শাখা চালু

ফিলিপাইনের এএমএ কম্পিউটার লার্নিং সেন্টার এবং বাংলাদেশের টেকনোহ্যাভেন কোম্পানির যৌথ উদ্যোগে প্রতিষ্ঠিত এএমএ টেকনোহ্যাভেন কম্পিউটার শিক্ষা কেন্দ্রের প্রথম শাখা চালু হয়েছে। অর্থমন্ত্রী শাহ এ এম এস কিবরিয়া গতকাল শনিবার ধানমণ্ডিতে এ কেন্দ্র উদ্বোধন করেন।

প্রধান অতিথির বক্তৃতায় অর্থমন্ত্রী বলেন, দেশে চাহিদা অনুযায়ী দক্ষ কম্পিউটার কর্মী তৈরি করতে হলে এ ধরনের কম্পিউটার প্রশিক্ষণ কেন্দ্র গড়ে তুলতে হবে। তিনি কেন্দ্রটি চালু করার জন্য উদ্যোক্তাদের ধন্যবাদ দেন এবং আগামীতে আরো প্রশিক্ষণ কেন্দ্র প্রতিষ্ঠা করার আহ্বান জানান।

ফিলিপাইনের রাষ্ট্রদূত ক্যানডিডেটো বি গুটোক উদ্বোধনী অনুষ্ঠানে বক্তৃতাকালে বাংলাদেশ ও ফিলিপাইনের ওপর বন্ধুত্বপূর্ণ সম্পর্ক জোরদার করার ওপর গুরুত্বারোপ করেন। তিনি বলেন, দুদেশের মধ্যে সম্পর্কোন্নয়নে এ প্রশিক্ষণ কেন্দ্রটি মাইলফলক হিসেবে চিহ্নিত হবে।

সাবেক তত্ত্বাবধায়ক সরকারের উপদেষ্টা অধ্যাপক জামিলুর রেজা চৌধুরী অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। তিনি বলেন, দেশে তথ্য প্রযুক্তির ক্ষেত্রে মানবসম্পদ উন্নয়নের প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে। আন্তর্জাতিক মানের কোর্স পাঠ্যক্রমের মধ্যে অন্তর্ভুক্ত করায় তিনি এএমএ এবং টেকনোহ্যাভেনকে ধন্যবাদ জানান।

এএমএ এডুকেশন সিস্টেমের নির্বাহী সহসভাপতি ম্যানুয়েল এফ আবাদ, টেকনোহ্যাভেনের সভাপতি হাবিবুল্লাহ এন করিম এবং এএমএ কম্পিউটার লার্নিং সেন্টারের আন্তর্জাতিক শাখার প্রধান অ্যাঞ্জেল মনটেস জুনিয়র অনুষ্ঠানে বক্তব্য রাখেন।

উদ্যোক্তারা জানিয়েছেন, প্রশিক্ষণ কেন্দ্রটিতে যুক্তরাজ্যের ন্যাশনাল কম্পিউটিং সেন্টার (এনসিসি) এবং যুক্তরাষ্ট্রের আমেরিকান লীগ অফ কলেজেস এন্ড ইউনিভার্সিটিজ (অ্যালোকু)-সহ আন্তর্জাতিক মানের কারিকুলামে কম্পিউটার শিক্ষা দেওয়া হবে। এতে করে শিক্ষার্থীরা ডিগ্রি লাভের পাশাপাশি আন্তর্জাতিক পর্যায়ে কাজ করার দক্ষতা অর্জন করতে পারবেন। বিজ্ঞপ্তি।